

তারিখঃ ২০-১-২০২৪ (পং ০১,০২)



ছাঁটাইয়ে চালের পুষ্টি কর্তা কর্মে

সিঙ্ক চাল ১০ শতাংশ ছাঁটাইয়ের ফলে
পুষ্টি কর্মার হার

আমিষ	৯-১৮%
অঁশ	৮-১৯%
ম্যাগনেশিয়াম	৬-২১%
ফলিক অ্যাসিড	৮-৫০%

সূত্র : ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনসিটিউট
এবং বাংলাদেশ ধান গবেষণা ইনসিটিউটের (বি) গবেষণা।

চাল চকচকে করতে গিয়ে বাদ পড়ে পুষ্টি

গবেষণা

চাল চকচকে করতে গিয়ে বেশি ছাঁটাই
করা হয় আধুনিক চালকলগুলোতে।
নীতিমালা মানা হচ্ছে না।

ইফতেখার মাহমুদ, ঢাকা

দেশের আধুনিক চালকলগুলোতে চালের ১০
থেকে ২০ শতাংশ ছাঁটাই করে ফেলা হয়। যে
অংশটুকু বাদ পড়ে, সেটাই চালের সবচেয়ে পুষ্টিকর
উপাদান। চালকলমালিকেরা চাল চকচকে করতে
গিয়ে ছাঁটাই করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান
ইনসিটিউট এবং বাংলাদেশ ধান গবেষণা
ইনসিটিউটের (বি) ১০ জন গবেষকের এক মৌখিক
গবেষণায় উঠে এসেছে, চাল ছাঁটাইয়ের ফলে মানুষ
পুষ্টি থেকে বাধ্যত হচ্ছে। ছেঁটে ফেলার পর চালে
থাকে মূলত কার্বোহাইড্রেট বা শর্করা।

‘বাংলাদেশের জনপ্রিয় উচ্চফলনশীল জাতের

“ দেশের দরিদ্র মানুষের পুষ্টির
অন্যতম উৎস ভাত। ওই পুষ্টি
উপাদানগুলো ছাঁটাইয়ের সময় চাল
থেকে বাদ দেওয়া বন্ধ করতে হবে।

নাজমা শাহীন, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও
খাদ্যবিজ্ঞান ইনসিটিউট।

সেক্ষে ও চকচকে (পলিশ) চালে পুষ্টি উপাদানের
তারতম্য’ শীর্ষক গবেষণাটি নিয়ে একটি নিবন্ধ গত
নভেম্বরে আন্তর্জাতিক বিজ্ঞান সাময়িকী ফুডস-এ
প্রকাশিত হয়েছে। গবেষকেরা জানিয়েছেন,
গবেষণাটির ফলাফল খাদ্য মন্ত্রণালয়, কৃষি
মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট পক্ষগুলোর কাছে পাঠানো
হয়েছে।

চালের যে অংশ ছেঁটে ফেলা হয় (উপজাত) তা
মুরগি ও মাছের খাদ্য এবং কুঁড়ার তেল উৎপাদনে
ব্যবহার করা হয়। ২০২২ সালে বাংলাদেশ ধান

এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

চাল চকচকে করতে গিয়ে বাদ পড়ে পুষ্টি ।

প্রথম পৃষ্ঠার পর

গবেষণা ইনসিটিউট (বি) থেকে 'বাংলাদেশে চালের দাম বৃদ্ধির একটি সমীক্ষা: ক্রমক থেকে ভোকার্পার্শায়ের অবস্থা' শৈর্ষক আরেকটি গবেষণায় বলা হয়েছিল, চালের ছেঁটে কেলা অংশ বেশ ভালো দামে বিক্রি করেন মিলমালিকেরা। চাল ও উপজাত বিক্রি করে তাঁরা বিপুল মুনাফা করেন।

বিষয়টি নিয়ে খাদ্যসচিব মো. ইসমাইল হেসেন প্রথম আলোকে বলেন, মিলগুলোতে চাল ছাঁটাইয়ের বিষয়ে একটি নীতিমালা করে দেওয়া হয়েছে। নীতিমালায় চাল ১০ শতাংশের বেশি ছাঁটাই না করতে বলা হয়েছে। এর ব্যক্তিগত হলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার কথাও বলা হয়েছে।

পুষ্টি কর্তৃ কর্ম

বাংলাদেশে বছরে ৩ কোটি ৯০ লাখ টনের মতো চাল উৎপাদিত হয়। এই চালের একটি বড় অংশ স্বয়ংক্রিয় চালকলে ধান থেকে উৎপাদন করা হয়।

চাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনসিটিউট এবং বির ঘোষ গবেষণায় পরীক্ষার জন্য ধানের নমুনা সংগ্রহ করা হয়েছে তিনি তিন জায়গা থেকে এবং বিভিন্ন সময়ে। ধানের মূল জাতের নমুনা নেওয়া হয়েছে বির জিনব্যাক থেকে। সংগ্রহ করা ধান থেকে চাল উৎপাদন করা হয় বিভিন্নভাবে প্রক্রিয়া করে, যাতে চালের পুষ্টিশুগ্রের তুলনামূলক চির পাওয়া যায়।

গবেষণাটিতে দেশের সবচেয়ে জনপ্রিয় উচ্চফলনশীল পাঁচটি জাতের চালের পুষ্টিশুগ্রে দেখা হয়। জাতগুলো হলো বিআর-১১, বি ধান-২৮, বি ধান-২৯, বি ধান-৪৯ ও বি ধান-৮৪। ওই জাতগুলোতে জৈবিকভাবে যে পরিমাণে শর্করা, খনিজ উপাদান, ভিটামিন থাকার কথা, সেই

পরিমাণে আছে কি না, তা পরীক্ষা করেন বিজ্ঞানীরা। দেখা যায়, শুধু ধান-৮৪ প্রক্রিয়াজাত করতে গিয়ে খনিজ উপাদান ও সব ধরনের ভিটামিন অটুট থাকছে। বাকি জাতের ক্ষেত্রে ছাঁটাই করার ফলে পুষ্টিকর উপাদান বাদ পড়ছে।

সেৱা ও আত্ম চালে জাতভুক্তে পুষ্টিশুগ্রে পরিবর্তনের হার তিনি। কোনো কোনো ক্ষেত্রে দেখা যায়, কোনো কোনো উপাদান ছাঁটাইয়ের ফলে বাড়ছে। তবে সার্বিকভাবে পুষ্টিশুগ্রে করে যাচ্ছে। যেমন ১০ শতাংশ ছাঁটাইয়ের ফলে চালে আমিয় কমেছে ৯ থেকে ১৮ শতাংশ।

বিভিন্ন হারে কমেছে চর্বি বা ফ্যাট, ভিটামিন ও খনিজ উপাদান। চালে সাধারণত সাত ধরনের খনিজ উপাদান থাকে—ক্যালসিয়াম, ম্যাগনিশিয়াম, আয়রন, জিঙ্ক, সোডিয়াম, পটাশিয়াম ও ফসফরাস।

গবেষকেরা বলছেন, মানুষ চকচকে চাল খেয়ে যেসব পুষ্টি উপাদান থেকে বঞ্চিত হচ্ছে, সেগুলো পরে আবার শুধু হিসেবে প্রাপ্ত করতে হচ্ছে। আবার সরকারও চালে পুষ্টিকণা মেশায় বিশেষ কর্মসূচির মাধ্যমে পুষ্টিবিদ্যা মনে করেন, অতিরিক্ত শর্করা মানুষের ওজন বাড়িয়ে দেয়। আর খাবারে অংশ কর্ম থাকলে বাড়ে ক্রোটকাটিন।

চাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনসিটিউটের অধ্যাপক ও গবেষণাচার্চি দলনেতা নাজিমা শাহীন প্রথম আলোকে বলেন, দেশের দরিদ্র মানুষের পুষ্টির অন্যতম উৎস তাত। ওই পুষ্টি উপাদানগুলো ছাঁটাইয়ের সময় চাল থেকে বাদ দেওয়া বন্ধ করতে হবে। তিনি বলেন, এ জন্য শুধু নীতিমালা করলে হবে না, তা অনুসরণ করা হচ্ছে কি না, তা নিশ্চিত করতে নিয়মিত তদরিক করতে হবে।

নাজিমা শাহীন আরও বলেন, ভোকাদেরও চকচকে চাল কেনার অভ্যাস দূর করতে হবে।

চকচকে করতে গিয়ে পুষ্টিকর উপাদানগুলো বাদ দেওয়া হয়।

উপজাত বিক্রি

চালে বেশি ছাঁটাই করলে বেশি উপজাত পাওয়া যায়। সেটা বিক্রি করে আয় করেন চালকলমালিকেরা। ফলে ছাঁটাইয়ে তাঁদের ব্যবসার কোনো ক্ষতি হ্যান।

বির গবেষণায় বলা হয়েছে, প্রতি কেজি ধান ভাঙ্গিয়ে ৬০০ থেকে ৬৫০ গ্রাম চাল পাওয়া যায়। চালকলমালিকেরা ওই পরিমাণ চালের ওপরে এক থেকে দুই টাকা পর্যন্ত মুনাফা দেখান। কিন্তু উপজাত বিক্রি হ্যান ৬ থেকে ৯ টাকা কেজি দরে। প্রতি কেজি চাল ও এর উপজাতে মালিকদের মোট মুনাফা দাঁড়ায় ৮ টাকা থেকে ১৩ টাকা ৬৬ পয়স।

বাংলাদেশ অংশে মেজর আন্ড হাসকিং মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক এইচ আর খান পাঠান প্রথম আলোকে বলেন, চাল বিক্রি করে যদি এত মুনাফা হতো, তাহলে চালকলমালিকেরা আর্থিকভাবে এত খারাপ অবস্থায় থাকতেন না। চাল বিক্রিতে লোকসন হয়। তাই দেশে চালকলের সংখ্যা কমে আসছে।

বির গবেষণায় উঠে আসে, দেশে ধান ও চালের বাজারে ক্রমক থেকে ভোক্তা পর্যন্ত পাঁচবার হাতবদল হয়। প্রতিবার হাতবদলের সময় যোগ হয় খরচ আর মুনাফা। এর মধ্যে সবচেয়ে বেশি ও অস্বাভাবিক মুনাফা করেন চালকলমালিকেরা।

বির মহাপরিচালক মো. শাহজাহান কবীর প্রথম আলোকে বলেন, চালকলগুলো দেশের ভোকাদের পুষ্টিবঞ্চিত করছে। আবার অতি মুনাফার জন্য তাঁদের কাছ থেকে চাল বিক্রি করে বেশি টাকা আদায় করা হচ্ছে। এ জন্য ছাঁটাই নীতিমালা দ্রুত বাস্তবায়ন ও কঠোর নজরদারি দরকার।